বদরগঞ্জ উপজেলা পরিষদ

জেলাঃ রংপুর

## উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ মিজানুর রহমান
প্রশাসক
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ১২ জুন ২০২৫খ্রিঃ

সময় ঃ ৯.৪৫ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বদরগঞ্জ, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। সভার সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, ভিজিডি কর্মসূচি বরাদ্দ পাওয়া সাপেক্ষে চলমান কার্যক্রম। তিনি জানান, প্রতিটি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। তিনি অনুরোধ করেন নবনির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ যেন মাঠ পর্যায়ে তদারকি অব্যাহত রাখেন। সদস্য সচিব আরো জানান, বরাদ্দ পাওয়া সাপেক্ষে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি প্রদান করা হয়। বরাদ্দ পাওয়া মাত্র সকল কর্মসূচীতে দ্রুত যাতে তালিকা পাঠানো যায় এজন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের পরিকল্পনা প্রণয়নের অনুরোধ করেন সভার সভাপতি। মহিলা বিষয়ক কর্মকর্তা সমস্ত ভাতাভোতীদের ডাটাবেস আপডেট রয়েছে মর্মে সভায় অবহিত করেন। তিনি আরো বলেন, এই কার্যালয়ের কোন কাজ সম্পর্কে কোন মতামত থাকলে সভায় কিংবা অফিসে জানানোর জন্য অনুরোধ করা হলো। | আলোচনান্তে চলমান কার্যক্রমগুলো সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ বাল্যবিবাহ নিরোধ, যৌতুক ও নারী নির্যাতন প্রতিরোধ এবং ধর্মীয় সম্প্রীতি বজায় রাখার বিষয়ে কর্মশালা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতনের ফলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অভীষ্ট লক্ষ্যপূরণ বাধাগ্রস্ত হচ্ছে। সমাজে তৈরী হচ্ছে অসমতা। জনগণের সচেতনতার অভাব, প্রতিকারের তথ্য জানা না থাকা এবং সামাজিক আন্দোলন জোরদার না হওয়ার কারণে বাল্যবিবাহ, যৌতুকপ্রথা ও নারী নির্যাতনের মত সহিংস ঘটনা অব্যাহত রয়েছে। শিক্ষার্থীরা নেতৃত্ব দেবে আগামীর। তাই শিক্ষার্থীদেরকে তথ্যসমৃদ্ধ করে এবং তাদের মধ্য হতে বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতনবিরোধী কমিটি (বাজনা ব্রিগেড) গঠন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অভীষ্ট লক্ষ্যপূরণের জন্য এই প্রশিক্ষণ অত্যন্ত প্রয়োজনীয়।<br><br>এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে-<br><br>(১) বাল্যবিবাহ নিরোধের মাধ্যমে নারী ও শিশুর সুরক্ষা হবে;<br>(২) বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতনের কুফল সম্পর্কে জানতে পারবে এবং জনগণ তথ্য সমৃদ্ধ ও সচেতন হবে;<br>(৩) বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতনের বিরুদ্ধে সামাজিক আন্দোলন জোরদার হবে এবং<br>(৪) এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন সহজ হবে। | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোঃ মিজানুর রহমান)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- তারিখঃ ১২/০৬/২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৫। উপজেলা............................... কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর।
৬। চেয়ারম্যান, ............................ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৭। অফিস কপি।